গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহাপরিচালকের কার্যালয়
শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, সাভার, ঢাকা
www.shniyd.gov.bd

**শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট এর মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী।**

---

| | |
|---|---|
| সভাপতি | আবু তাহের মোঃ মাসুদ রানা<br>মহাপরিচালক |
| সভার তারিখ | **০৬ ডিসেম্বর ২০২৩** |
| সভার সময় | **দুপুর ২.৩০ ঘটিকা** |
| স্থান | ইনস্টিটিউটের সম্মেলন কক্ষ |
| উপস্থিতি | পরিশিষ্ট “ক” |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। ইনস্টিটিউটের সকল কার্যক্রম স্বচ্ছতা ও জবাবদিহিতার সাথে সম্পন্ন করার প্রতি তিনি গুরুত্বারোপ করেন। সভায় সর্বসম্মতিক্রমে নিম্নবর্ণিত বিষয়সমূহে আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

| নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০১ | নভেম্বর, ২০২৩ মাসে অনুষ্ঠিত মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী পাঠ করা হয়। কার্যবিবরণীতে কোন সংযোজন/ সংশোধন প্রস্তাব থাকলে তা উপস্থাপন করার জন্য অনুরোধ করা হয়। | কোনে সংযোজন/সংশোধন না থাকায় সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে নিশ্চিত করা হয়। | - |
| ০২ | বুনিয়াদি প্রশিক্ষণের তারিখ নির্ধারণের বিষয়ে সভায় আলোচনা করা হয়। | কর্মকর্তাদের জন্য বুনিয়াদি প্রশিক্ষণ শুরুর তারিখ নির্ধারণপূর্বক কর্মপরিকল্পনা দ্রুত উপস্থাপন করতে হবে। | ক) রেজিস্ট্রার<br>খ) উপপরিচালক (প্রশাসন ও অর্থ) |
| ০৩ | স্মার্ট বাংলাদেশ বিনির্মাণ বিষয়ক কর্মশালা নিয়ে সভায় আলোচনা করা হয়। | স্মার্ট বাংলাদেশ বিনির্মাণ বিষয়ক কর্মশালা আয়োজনের জন্য আগামী ৭(সাত) দিনের মধ্যে কর্মপরিকল্পনা প্রস্তুত করে উপস্থাপন করতে হবে। | উপপরিচালক (প্রশাসন দও অর্থ) |
| ০৪ | কোর্স কো-অর্ডিনেটর কর্তৃক দাখিলকৃত সমাপ্ত প্রশিক্ষণ সংক্রান্ত প্রতিবেদন বিষয়ে সভায় আলোচনা করা হয়। | ক) কোর্স কো-অর্ডিনেটর কর্তৃক প্রশিক্ষণ সমাপ্তির ৩(তিন) কর্মদিবসের মধ্যে মহাপরিচালক বরাবর প্রশিক্ষণ প্রতিবেদন উপস্থাপন করতে হবে।<br>খ) প্রাপ্ত প্রতিবেদনের সারসংক্ষেপ প্রস্তুত করত পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে। | ক) সংশ্লিষ্ট কোর্স কো-অর্ডিনেটর<br>খ) উপপরিচালক (প্রশিক্ষণ ও মূল্যায়ন) |
| ০৫ | লাইব্রেরির জন্য বই ক্রয়ের লক্ষ্যে তালিকা চূড়ান্তকরণ ও বাজার দর যাচাইকরণ বিষয়ে সভায় আলোচনা করা হয়। | বইয়ের প্রয়োজন নির্ধারণপূর্বক প্রস্তুতকৃত তালিকা অনুযায়ী বাজার দর যাচাইপূর্বক আগামী ১০(দশ) দিনের মধ্যে প্রতিবেদন দাখিল করতে হবে। | সংশ্লিষ্ট কমিটি |

<table>
<tr><td>০৬</td><td>https://shniyd.nise.gov.bd<br>ওয়েব সাইটে প্রশিক্ষণার্থীদের তথ্য আপডেট বিষয়ে সভায় আলোচনা করা হয়।</td><td>ক) ইনস্টিটিউট হতে প্রশিক্ষণপ্রাপ্তদের তথ্য সংশ্লিষ্ট ওয়েবসাইটে(shniyd.nise.gov.bd) প্রশিক্ষণ প্রাপ্তদের আপলোডকৃত তথ্য  হালনাগাদ  করতে হবে।<br>খ) সমাপ্ত কোর্সের প্রশিক্ষণপ্রাপ্তদের তথ্য ডাটাবেসে অন্তর্ভুক্তির ব্যবস্থা গ্রহণ অব্যাহত রাখতে হবে।</td><td>উপপরিচালক (প্রশিক্ষণ ও মূল্যায়ন)</td></tr>
<tr><td>০৭</td><td>বার্ষিক প্রতিবেদন নিয়ে সভায় আলোচনা করা হয়।</td><td>ওয়েব সাইটে আপলোডকৃত বার্ষিক প্রতিবেদন দ্রুত প্রিন্টের ব্যবস্থা গ্রহণ করতে হবে।</td><td>উপপরিচালক (প্রশাসন ও অর্থ)</td></tr>
<tr><td>০৮</td><td>লক্ষ্যমাত্রা অনুযায়ী প্রতি কোয়ার্টারের প্রথম মাসের ১ম সপ্তাহে নৈতিকতা কমিটির সভা আয়োজন বিষয়ে আলোচনা করা হয়।</td><td>প্রতি কোয়ার্টারের প্রথম মাসের ১ম সপ্তাহে নৈতিকতা কমিটির সভা আয়োজনের ব্যবস্থা গ্রহণ করতে হবে।</td><td>উপপরিচালক (প্রশাসন ও অর্থ)</td></tr>
<tr><td>০৯</td><td>ডি-নথির বিষয়ে সভায় আলোচনা করা হয়।</td><td>প্রাপ্ত সকল ডাক ডি-নথি সিস্টেমে উপস্থাপন ও নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ করতে হবে।</td><td>উপপরিচালক (প্রশাসন ও অর্থ)</td></tr>
<tr><td>১০</td><td>অভিযোগ প্রতিকার বিষয়ে সভায় আলোচনা করা হয়।</td><td>মন্ত্রীপরিষদ বিভাগ হতে অভিযোগ প্রতিকারের আইডি দ্রুত সংগ্রহ করতে হবে।</td><td>উপপরিচালক (প্রশাসন ও অর্থ)</td></tr>
<tr><td>১১</td><td>আসন্ন ১৬ ডিসেম্বর মহান বিজয় ও জাতীয় দিবস পালনের বিষয়ে সভায় আলোচনা করা হয়।</td><td>আসন্ন ১৬ ডিসেম্বর মহান বিজয় ও জাতীয় দিবস যথাযথ মর্যাদায় পালনের ব্যবস্থা গ্রহণ করতে হবে।</td><td>উপপরিচালক (প্রশাসন ও অর্থ)</td></tr>
<tr><td>১২</td><td>বার্ষিক কর্মসম্পাদন চুক্তি:<br>বার্ষিক কর্মসম্পাদন চুক্তিতে উল্লিখিত বিষয়সমূহ যথাযথাভাবে বাস্তবায়নের বিষয়ে সভায় আলোচনা করা হয়।</td><td>নিম্ন বর্ণিত ছকে উল্লিখিত বিষয়সমূহের লক্ষ্যমাত্রা যথাসময়ে অর্জন নিশ্চিত করতে হবে।
<table>
<tr><td>নং</td><td>বিবরণ</td><td>লক্ষ্যমাত্রা</td><td>অগ্রগতি</td></tr>
<tr><td>১</td><td>২ সপ্তাহ থেকে ১২ সপ্তাহ মেয়াদী প্রশিক্ষণ</td><td>১২৫০ জন</td><td>নভেম্বর ২০২৩ পর্যন্ত ৩৫১ জন (২৮.০৮%)</td></tr>
<tr><td>২</td><td>গবেষণা সম্পাদন</td><td>৩০.০৫.২৪</td><td>চলমান</td></tr>
<tr><td>৩</td><td>ডিপ্লোমা কোর্স:<br>বিজ্ঞপ্তি প্রকাশ-<br>শিক্ষার্থী ভর্তি-<br>কোর্স সম্পাদন-</td><td>-<br>২০.০৮.২৩<br>২০.০৯.২৩<br>২০.০৩.২৪</td><td>-<br>বাস্তবায়িত<br>বাস্তবায়িত<br>চলমান</td></tr>
<tr><td>৪</td><td>যুব মতবিনিময়</td><td>চলতি অর্থ বছরের মধ্যে তারিখ নির্ধারণ ও আয়োজন</td><td>-</td></tr>
<tr><td>৫</td><td>যুব সমাবেশ</td><td>ঐ</td><td>-</td></tr>
<tr><td>৬</td><td>কর্মশালা</td><td>ঐ</td><td>-</td></tr>
</table></td><td>উপপরিচালক (প্রশাসন ও অর্থ)</td></tr>
</table>

<table>
<tr><td>১৩</td><td>তথ্য অধিকার: তথ্য অধিকার আইন ও সংশ্লিষ্ট বিষয়সমূহে সভায় আলোচনা করা হয়।</td><td>নিম্ন বর্ণিত ছকে উল্লিখিত বিষয়সমূহের লক্ষ্যমাত্রা যথাসময়ে অর্জন নিশ্চিত করতে হবে:<br>
<table>
<tr><td>নং</td><td>বিবরণ</td><td>লক্ষ্যমাত্রা</td><td>অগ্রগতি</td></tr>
<tr><td>১</td><td>তথ্য অধিকার আইন অনুসারে  নিষ্পত্তি</td><td>২০ কার্যদিবস</td><td>-</td></tr>
<tr><td>২</td><td>স্বত:প্রণোদিত ভাবে প্রকাশ যোগ্য তথ্যের  তালিকা প্রকাশ</td><td>০১ ডিসে: হতে ৩১ ডিসে: ২০২৩ এর মধ্যে</td><td>৩১ জুলাই ২০২৩ তারিখ বাস্তবায়িত</td></tr>
<tr><td>৩</td><td>স্বত:প্রণোদিত ভাবে প্রকাশ যোগ্য তথ্যের তালিকা প্রকাশ</td><td>০১ মে হতে ৩১ মে ২০২৪ এর মধ্যে</td><td>-</td></tr>
<tr><td>৪</td><td>বার্ষিক প্রতিবেদন</td><td>১৫-১০ ২০২৩ তারিখ এর মধ্যে</td><td>১৫-১০-২০২৩ তারিখে প্রকাশিত</td></tr>
<tr><td>৫</td><td>তথ্য অধিকার আইন বিষয়ক সচেতনতা বৃদ্ধি কার্যক্রম</td><td>সেপ্টেম্বর ২০২৩ মাসে ১টি<br>অক্টোবর ২০২৩ মাসে ১টি<br>ফেব্রুয়ারী ২০২৪ মাসে ১টি</td><td>১৬ আগস্ট ০১ টি ও ২৩ অক্টোবর ২০২৩ ১ টি বাস্তবায়িত</td></tr>
<tr><td>৬</td><td>তথ্য অধিকার আইন বিষয়ক সচেতনতা বৃদ্ধি বিষয়ক প্রশিক্ষণ আয়োজন (কর্মকর্তা/ কর্মচারীদের) ০২টি</td><td>সেপ্টেম্বর ২০২৩ মাসে ১টি<br>অক্টোবর ২০২৩ মাসে ১টি</td><td>২৬ সেপ্টে: ২৩ তারিখ ১টি ও ২৬ অক্টোবর ২০২৩ তারিখে ১টিসহ মোট ০২ টি বাস্তবায়িত</td></tr>
</table></td><td></td></tr>
<tr><td>১৪</td><td>অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা:<br>অভিযোগ প্রতিকার বাস্তবায়নে সংশ্লিষ্ট নির্দেশাবলি নিয়ে সভায় আলোচনা করা হয়।</td><td>১। অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা ও আপিল কর্মকর্তা নিয়োগ এবং ত্রৈমাসিক ভিত্তিতে  এ সংক্রান্ত তথ্য ওয়েবসাইটে হালনাগাদকরণ নিশ্চিত করতে হবে।</td><td>সংশ্লিষ্ট ফোকাল পয়েন্ট কর্মকর্তা</td></tr>
<tr><td>১৫</td><td>বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০২৩-২০২৪ বাস্তবায়নে আগামী জানুয়ারী ২০২৪ এর মধ্যে শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউটের সকল নথি শ্রেণিকরণ ও বিনষ্টকরণের বিষয়ে আলোচনা হয়।</td><td>বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০২৩-২০২৪ বাস্তবায়নে আগামী জানুয়ারী ২০২৪ এর মধ্যে শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউটের সকল নথি শ্রেণিকরণ ও বিনষ্টকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।</td><td>উপপরিচালক (প্রশাসন ও অর্থ)</td></tr>
</table>

<table>
<tr>
<td>১৬</td>
<td>জাতীয় শুদ্ধাচার কৌশল: জাতীয় শুদ্ধাচার কৌশল সংশ্লিষ্ট বিষয়সমূহে সভায় আলোচনা করা হয়।</td>
<td>নিম্ন বর্ণিত ছকে উল্লিখিত বিষয়সমূহ লক্ষ্যমাত্রা অনুযায়ী যথাসময়ে বাস্তবায়ন করতে হবে।
<table>
<tr><th>নং</th><th>আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়ন অগ্রগতি</th></tr>
<tr><td>১</td><td>নৈতিকতা কমিটির সভা</td><td>৪টি</td><td>২৫.০৭.২০২৩ তারিখ ১ম সভা ও ১৯.১১.২০২৩ তারিখ ২য় সভা অনুষ্ঠিত</td></tr>
<tr><td>২</td><td>অংশীজনের সভা</td><td>২টি (২য় ও ৩য় কোয়ার্টার)</td><td>২৩ অক্টোবর ২০২৩ তারিখ বাস্তবায়িত</td></tr>
<tr><td>৩</td><td>শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ/ মতবিনিময় সভা আয়োজন</td><td>২টি (২য় ও ৩য় কোয়ার্টার)</td><td>২৬ অক্টোবর ২০২৩ তারিখ (২য় কোর্য়াটারে বাস্তবায়িত)</td></tr>
<tr><td>৪</td><td>কর্মপরিবেশ উন্নয়ন সভা</td><td>৩১.১০.২৩<br>৩১.০১.২৪</td><td>২২-৮-২৩ তারিখে আয়োজিত (১ম ষান্মাসিক বাস্তবায়িত)</td></tr>
<tr><td>৫</td><td>বার্ষিক ক্রয় পরিকল্পনা</td><td>৩১-০৭-২৩</td><td>৩১-০৭-২৩ তারিখে বাস্তবায়িত</td></tr>
<tr><td>৬</td><td>ক্রয় পরিকল্পনা বাস্তবায়ন</td><td>১ম কোয়ার্টার-১৫%<br>২য় কোয়ার্টার-৪০%<br>৩য় কোয়ার্টার-৭০%<br>৪র্থ কোয়ার্টার-১০০%</td><td>১ম কোয়ার্টার-১৫%<br>২য় কোয়ার্টার (নভেম্বর পর্যন্ত ) ৪০.৫০%</td></tr>
<tr><td>৭</td><td>বাজেট বাস্তবায়ন</td><td>১ম কোয়ার্টার-১৫%<br>২য় কোয়ার্টার-৪০%<br>৩য় কোয়ার্টার-৭০%<br>৪র্থ কোয়ার্টার-১০০%</td><td>১ম কোয়ার্টার-১৫% (অবমুক্তির)<br>২য় কোয়ার্টার (নভেম্বর পর্যন্ত ) ৪০.৫০%</td></tr>
<tr><td>৮</td><td>অনলাইনে ভর্তি আবেদন</td><td>১০০%</td><td>১০০%</td></tr>
</table>
</td>
<td></td>
</tr>
</table>

<table>
<tr><td>১৭</td><td>সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার)</td><td>ত্রৈমাসিক ভিত্তিতে সেবা প্রদান প্রতিশ্রুতি(সিটিজেন চার্টার) সংক্রান্ত তথ্য সেবা বক্সে আপলোড করতে হবে। প্রয়োজনীয় সংখ্যাক সভা/প্রশিক্ষণ আয়োজন করতে হবে।</td><td>সংশ্লিষ্ট ফোকাল পয়েন্ট কর্মকর্তা</td></tr>
<tr><td>১৮</td><td>ই-গভর্ন্যান্স ও উদ্ভাবনী কার্যক্রম:<br>ই-গভর্ন্যান্স ও উদ্ভাবনী কার্যক্রমের সকল বিষয়ে সভায় আলোচনা করা হয়।</td><td>নিম্ন বর্ণিত ছকে উল্লিখিত বিষয়সমূহের লক্ষ্যমাত্রা যথাসময়ে অর্জন নিশ্চিত করতে হবে:<br>ক)
<table>
<tr><th>কর্মসম্পাদন সুচক</th><th>লক্ষ্যমাত্রা</th><th>অগ্রগতি</th></tr>
<tr><td>[১.১.১]সেবা সহজীকৃত/ ডিজিটাইজেশনের মাধ্যমে ন্যূনতম একটি উদ্ভাবনী ধারণা বাস্তবায়িত</td><td>৪/৫/২০২৪</td><td>১টি</td></tr>
<tr><td>[১.২.১] ইতঃপূর্বে উদ্ভাবিত/সহজীকৃত ডিজিটাইজকৃত সেবাসমূহের ডাটাবেজ হালনাগাদকরণ ও ডাটাবেজ সেবাসমূহ চালু অব্যাহত রাখা</td><td>৪টি</td><td>-</td></tr>
<tr><td>[১.৩.১] ন্যূনতম একটি ইনোভেশন প্রদর্শনী (শোকেজিং) আয়োজিত এবং শ্রেষ্ঠ উদ্ভাবনী উদ্যোগ নির্বাচিত</td><td>৪/৫/২০২৪</td><td>-</td></tr>
<tr><td>[১.৪.১] ই-ফাইলে নোট নিস্পত্তিকৃত</td><td>৮০%</td><td>১০০%</td></tr>
<tr><td>[১.৫.১] স্মার্ট বাংলাদেশ বিনির্মাণ কর্মশালা/সেমিনার/সভা আয়োজিত</td><td>১টি</td><td>-</td></tr>
<tr><td>[১.৫.২] স্মার্ট বাংলাদেশ বিনির্মাণ বিষয়ক কর্মপরিকল্পনা প্রস্তুকৃত</td><td>২০/৩/২০২৪</td><td>-</td></tr>
<tr><td>[২.১.১] নিজ তথ্য বাতায়ন হালনাগাদকৃত</td><td>৪টি</td><td>১টি</td></tr>
<tr><td>[২.১.২] নিজ তথ্য বাতায়ন হালনাগাদকরণ নিশ্চিত করণ</td><td>৪টি</td><td>১টি</td></tr>
<tr><td>[২.২.১] কর্মপরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজিত</td><td>২টি</td><td>-</td></tr>
<tr><td>[২.২.২] অর্ধবার্ষিক স্বমূল্যায়ন প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগে/ উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট প্রেরিত</td><td>৩১/১/২০২৪</td><td>-</td></tr>
<tr><td>[২.২.৩] দেশে/বিদেশে বাস্তবায়িত ন্যূনতম একটি উদ্ভাবনী উদ্যোগ পরিদর্শনকৃত</td><td>৩১/২/২০২৪</td><td>-</td></tr>
</table>
খ) ই-গভর্ন্যান্স ও উদ্ভাবনী কমিটির সভা আয়োজনপূর্বক আগামী ১(এক) মাসের মধ্যে উদ্ভাবনী উদ্যোগ গ্রহণ করতে হবে।</td><td>সংশ্লিষ্ট কমিটি/ সংশ্লিষ্ট ফোকাল পয়েন্ট কর্মকর্তা</td></tr>
<tr><td>১৯</td><td>প্রকাশনা শাখার কার্যক্রম নিয়ে সভায় আলোচনা করা হয়।</td><td>ক) প্রকাশনা শাখার মাধ্যমে ইনস্টিটিউট হতে প্রশিক্ষপ্রাপ্ত যুব ও যুবনারীদের সাফল্যগাঁথার গল্প সাময়িকী/লিফলেট আকারে মুদ্রণের ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>খ) নতুন বছরে ক্যালেন্ডার,ডায়েরি, কার্ড ইত্যাদি তৈরীর পরিকল্পনা দাখিল করতে হবে।</td><td>সহকারী পরিচালক (প্রকাশনা)</td></tr>
<tr><td>২০</td><td>শাখা ভিত্তিক ফাইলের তালিকা করে সংযুক্ত ও নিজস্ব কর্মকর্তা-কর্মচারীদের মধ্যে দায়িত্ব বণ্টন বিষয়ে সভায় আলোচনা হয়।</td><td>শাখা ভিত্তিক ফাইলের তালিকা করে আগামী ৭(সাত) দিনের মধ্যে সংযুক্ত ও নিজস্ব কর্মকর্তা -কর্মচারীদের মধ্যে দায়িত্ব বণ্টনের ব্যবস্থা গ্রহণ করতে হবে।</td><td>উপপরিচালক (প্রশাসন ও অর্থ)</td></tr>
<tr><td>২১</td><td>পদ সৃজন ও নতুন যানবাহন টিওএন্ডই-তে অন্তর্ভুক্তকরণ বিষয়ে সভায় আলোচনা করা হয়।</td><td>ইনস্টিটিউটের চাহিদা বিবেচনায় নিয়ে আগামী ১৫(পনের) দিনের মধ্যে পদ সৃজন এবং নতুন যানবাহন টিওএন্ডই-তে অন্তর্ভুক্তকরণের প্রস্তাব প্রণয়ন করতে হবে।</td><td>ক) রেজিস্ট্রার<br>খ) উপপরিচালক (প্রশাসন ও অর্থ)</td></tr>
</table>

| | | | |
|---|---|---|---|
| ২১ | নভেম্বর ২০২৩ মাসে শ্রেষ্ঠ কর্মচারী নির্বাচন বিষয়ে সভায় আলোচনা করা হয়। | ক) নভেম্বর ২০২৩ মাসে ৩য় শ্রেণীর কর্মচারী জনাব ইয়াছির আরাফাত, হিসাব সহকারী ও জনাব মোঃ মনিরুজ্জামান, অফিস সহায়ককে শ্রেষ্ঠ কর্মচারী হিসেবে নির্বাচন করা হয়।<br>খ) প্রতি মাসের শ্রেষ্ঠ কর্মচারীদের ছবি অফিসের দৃশ্যমান স্থানে টাঙ্গানোর ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপপরিচালক (প্রশাসন ও অর্থ) |

আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



১১-১২-২০২৩
আবু তাহের মোঃ মাসুদ রানা
মহাপরিচালক
০২২২৪৪২৬০৩০
abutaher074@hotmail.com

তারিখ: ২৬ অগ্রহায়ণ ১৪৩০ বঙ্গাব্দ
১১ ডিসেম্বর ২০২৩ খ্রিস্টাব্দ

**নম্বর:** ৩৪.০৬.২৬৭২.০০০.০৬.০০১.২৩.১২

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। রেজিস্ট্রার, শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট;
২। সচিবের একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।;
৩। উপপরিচালক (প্রশাসন ও অর্থ)/ (প্রশিক্ষণ ও মূল্যায়ন), শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট। এবং
৪। জনাব..........., ........., শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট।।



১১-১২-২০২৩
আবু তাহের মোঃ মাসুদ রানা
মহাপরিচালক